গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর

বিজ্ঞপ্তি

স্মারক নং-৩সি-৬/৮১/৮৮/অংশ-২/১১৮৩(৫০)টি.সি. তারিখঃ ০২/০৭/৯০ ইং ১৭/০৩/৯৭ বং

বরাবরঃ জেলা রেজিস্ট্রার (সকল)।

বিষয়ঃ টি.সি. সহকারী কাম মুদ্রাক্ষরিক/টি.সি. মোহরার পদ পূরণ প্রসঙ্গে।

জেলাধীন তালিকাভুক্ত নকল নবীশদের মধ্য হইতে জ্যেষ্ঠতা, অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে টি.সি. মোহরার পদ এবং জ্যেষ্ঠ, শিক্ষিত ও টাইপ জানা টি.সি. সহকারী কাম মুদ্রাক্ষরিক পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিয়ম চালু আছে। সম্প্রতি বিভিন্ন জেলা রেজিস্ট্রারগণের নিকট হইতে জানা যাইতেছে যে, অভিজ্ঞ, শিক্ষিত ও জ্যেষ্ঠ টি.সি. মোহরার টি.সি. সহকারী কাম মুদ্রাক্ষরিক পদে পদোন্নতি গ্রহণে অনিচ্ছুক। ইহাতে উক্ত পদ পূরণ তথা সরকারী কাজ যথাযথভাবে সম্পন্ন করণে বিশেষ অসুবিধা দেখা দিয়াছে।

টি.সি. মোহরার পদ টি.সি. সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদের "ফিডার" পদ। এমতাবস্থায় তালিকাভুক্ত সকল নকল নবীশদের মধ্য হইতে আগ্রহী, উপযুক্ত, শিক্ষিত ও টাইপজানা নকল নবীশদের প্রথমে টি.সি. মোহরার এর শূন্য পদে নিয়োগ প্রদান করিয়া দ্রুত পদোন্নতি মাধম্যে টি.সি. সহকারী কাম মুদ্রাক্ষরিক পদ পূরণ করার নির্দেশ দেওয়া হইল।

এই আদেশ ১-৭-৯০ ইং তারিখ হইতে কার্যকর বলিয়া গণ্য হইবে।

স্বাক্ষরিত
০২/০৭/৯০ ইং
(মোঃ ছিদ্দিকুর রহমান মিয়া)
মহা-পরিদর্শক, নিবন্ধন, ঢাকা।